



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।



নং-প্রকা/বিডিডি/সেবা/ ৭১৭

তারিখ : ০১ নভেম্বর ২০২২

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন বিষয়ক “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি” এর সভার কার্যবিবরণী

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে এ ব্যাংকের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি’ এর একটি সভা অদ্য বিকাল ৩.০০ ঘটিকায় এ ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার এর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ডেপুটি জেনারেল ম্যানেজার ও কমিটি প্রধান জনাব মোঃ জসীম উদ্দিন খান। এছাড়া সভায় নিম্নবর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

ক্রঃ নং	নির্বাহী/কর্মকর্তাদের নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	কমিটিতে অবস্থান
০১	জনাব মোঃ শামছুজ্জামান এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
০২	জনাব মোঃ আজাদুল হক সিনিয়র প্রিন্সিপাল অফিসার	ভিজিলায়ন্স এন্ড কমপ্লাইন্স ম্যানেজমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য
০৩	জনাব মোহাম্মদ রবিউল আলম প্রিন্সিপাল অফিসার	গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য
০৪	জনাব হ.আ.ম. ফেরদৌস-উন-নবী প্রিন্সিপাল অফিসার	বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	সদস্য সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

২.০০ : সভার শুরুতে সভাপতি মহোদয় ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় সকল সদস্যের প্রাণবন্ত ও ফলপ্রসূ আলোচনার মাধ্যমে ১ম ত্রৈমাসিকে সেবা প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে তা শতভাগ বাস্তবায়নের জন্য কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। একইসাথে সাফল্যের এই ধারাবাহিকতা অব্যাহত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল সূচকে শতভাগ লক্ষ্য অর্জনের জন্যও সবাইকে অনুপ্রাণিত করেন।

৩.০০ : পরবর্তীতে সভাপতি মহোদয় চলতি ত্রৈমাসিক তথা ২য় ত্রৈমাসিকেও সেবা প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের জন্য উনুস্ত আলোচনার আহ্বান জানান। উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন সেবা প্রদান বিষয়ে তাদের মতামত ও বক্তব্য উপস্থাপন করেন। কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোঃ শামছুজ্জামান, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার তার বক্তব্যে গ্রাহকদের মূল্যবান স্বর্ণালংকার ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণে সোনালী ব্যাংকের লকার ব্যবস্থার গুরুত্ব এবং সম্ভাবনার বিষয়ে আলোকপাত করেন। একইসাথে এ ব্যাংকের লকার সেবার প্রচার ও প্রসারের প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন। বিশদ আলোচনা পর্যালোচনা শেষে চলতি ত্রৈমাসিক তথা ২য় ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান সংক্রান্ত নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

- ১। গ্রাহকদের মূল্যবান দ্রব্যাদি ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস সংরক্ষণের লক্ষ্যে ব্যাংকের লকার সেবা গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ এবং এ বিষয়ক কার্যক্রম গ্রহণ।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে উপরোক্ত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জসীম উদ্দিন খান)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

কমিটি প্রধান

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।